
# পদ্য



# দাঁড় ও পাল

রবীন্দ্রনাথ ঠাকুর



পালের সঙ্গে দাঁড়ের বুঝি গোপন রেষারেষি,
মনে মনে তর্ক করে কার সমাদর বেশি ।

দাঁড় ভাবে যে পাঁচ ছ'জনা গোলাম তাহার পাছে,
একলা কেবল বুড়ো মাঝি পালের তত্ত্বে আছে ।

পাল ভাবে যে জলের সঙ্গে দাঁড়ের নিত্য বৈরী,
বাতাসকে তো বক্ষে নিতে সদা আমি তৈরি ।

আমার খাতির মিতার সঙ্গে ভালবাসার জোরে,
ওরা মরে ঝোঁকে ঝোঁকেই শুধু লড়াই করে ।

ওঠে পড়ে পরের খেয়ে তাড়া,
আমি চলি আকাশ থেকে যখনি পাই সাড়া ।

**জেনে রাখো ঃ**

| | | |
|---|---|---|
| **দাঁড়** | — | নৌকা চালাবার জন্য লম্বা লাঠির মতো জিনিস |
| **পাল** | — | কাপড়ের তৈরি একধরনের বস্তু, যা হাওয়ার সাহায্যে নৌকা চালানোর কাজে লাগে |
| **রেষারেষি** | — | ঈর্ষা, আক্রোশ (রাগ) |
| **সমাদর** | — | অত্যধিক আদর, সম্মান । |
| **তত্ত্ব** | — | পরিচালনা, দেখাশোনা করা |
| **বৈরী** | — | শত্রুতা |
| **মিতা** | — | বন্ধু |
| **গোলাম** | — | দাস, চাকর |

**কবি পরিচয় ঃ**

১৮৬১ সালে কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর পরিবারে রবীন্দ্রনাথের জন্ম হয় । পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর, মাতা সারদা দেবী । — অত্যন্ত অল্প বয়স থেকেই রবীন্দ্রনাথ সাহিত্য রচনা আরম্ভ করেন । কবির পারিবারিক পরিবেশ তাঁর কাব্যচর্চার সহায়ক হয়েছিল । সাহিত্যের সকল শাখাতেই ছিল তাঁর অসামান্য দক্ষতা । ছোট গল্প, কবিতা, নাটক, উপন্যাস, প্রবন্ধ, রম্যরচনা, বিজ্ঞান, ব্যাকরণ, দর্শন - বিষয়ক নিবন্ধ, প্রভৃতি তার নিদর্শন । তিনি ছিলেন বিশিষ্ট চিত্র শিল্পী । তাঁর রবীন্দ্র সংগীত সংগীত জগতে এক বিশেষ শাখা রূপে পরিগণিত হয় । ১৯১৩ সালে তিনি ইংরাজী 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের জন্য নোবেল পুরস্কার পান । ১৯৪১ সালে কবির দেহবসান ঘটে ।

**পাঠ পরিচয় ঃ**

কাজ করতে হলে, ডান এবং বাম — দুটি হাতেরই প্রয়োজন হয় । কারও সাহায্য বেশি দরকার, কারও বা কম । ঠিক তেমনি নৌকা চালাতে গেলে, দাঁড় আর পাল — দুয়ের কাউকেই বাদ দেওয়া যায় না ।

দাঁড় আর পাল । নদীর বুকে নৌকার ভেসে চলার এদের দুইয়েরই সাহায্য প্রয়োজন । দাঁড় বাইতে পাঁচ - ছয় জন লোকের দরকার হয় । এতগুলি লোকের সাহায্যে চালিত হয়ে দাঁড় গর্বিত বোধ করে । কিন্তু পালের জন্য একা মাঝিই যথেষ্ট । নদীর বুকে হাওয়ায় পাল তুলে দিয়ে নৌকা অনায়াস গতিতে এগিয়ে চলে। জলের সাথে, আকাশের সাথে পালের যেন ভালোবাসার সম্পর্ক ।

**পাঠবোধ ঃ**

**সঠিক শব্দটি লেখো ঃ**

1. **পালের সঙ্গে দাঁড়ের বুঝি ................................................ রেষারেষি ।**

   (ক) ভীষণ (খ) গোপন (গ) দারুণ

2. **একলা কেবল বুড়ো ................................................ পালের তত্ত্বে আছে ।**

   (ক) চালক (খ) নাবিক (গ) মাঝি

3. **পাল ভাবে যে জলের সঙ্গে ................................................ নিত্য বৈরী ।**

   (ক) দাঁড়ের (খ) হালের (গ) পালের

4. **আমার খাতির ................................................ সঙ্গে ভালোবাসার জোরে ।**

   (ক) বন্ধুর (খ) মিতার (গ) সখার

5. **আমি চলি ................................................ থেকে যখনি পাই সাড়া ।**

   (ক) আকাশ (খ) বাতাস (গ) জল

**অতি সংক্ষেপে লেখো ঃ**

6. কাদের মধ্যে গোপন রেষারেষি ছিল ?

7. দাঁড়ের জন্য কজন গোলামের প্রয়োজন হয় ?

8. পালের দেখাশোনা কে করে ?

9. জলের সঙ্গে কার নিত্য শত্রুতা ?

10. পালের খাতির কার সঙ্গে ?

**সংক্ষেপে লেখো :**

11. দাঁড় ও পাল কোন কাজে ব্যবহার করা হয় ?

12. দাঁড়ের গোলামরা কার সঙ্গে লড়াই করে ?

13. বাতাসের সঙ্গে কার মিত্রতা ?

14. পাল আকাশ থেকে কিসের সাড়া পায় ?

**বিস্তারিতভাবে লেখো :**

15. দাঁড় আর পালের কেন রেষারেষি ছিল ?

16. পাল সম্পর্কে দাঁড় কী ভাবতো ?

17. দাঁড়ের বিষয়ে পাল কী চিন্তা কোরতো ?

18. দাঁড় ও পাল কবিতায় কবি কী বলতে চেয়েছেন, বুঝিয়ে লেখো ।

**ব্যাকরণ ও নির্মিতি :**

1. **বাক্য বানাও :**

| | | |
|---|---|---|
| রেষারেষি | খাতির | বৈরী |
| সমাদর | লড়াই | সাড়া |

2. **পদ পরিবর্তন করো :**

| | |
|---|---|
| তর্ক | গোপন |
| জল | গোলাম |

**3. এক কথায় লেখো ঃ**

যে তর্ক করে ——

যে নৌকা চালায় ——

**4. নৌকার বিষয়ে একটি অনুচ্ছেদ লেখো ।**

**5. বিপরীতার্থক শব্দ লেখো ঃ**

| | | |
|---|---|---|
| গোপন | পাছে | পার |
| নিত্য | বেশি | একলা |

**আলোচনা করো ঃ**

নৌকার বিষয়ে তোমাদের হয়তো বিস্তারিতভাবে তেমন কিছু জানা নেই । যারা গ্রামাঞ্চলে থেকেছ, তারা হয়ত নৌকা সম্পর্কে বিশেষভাবে জানো । পারস্পরিক আলোচনার মাধ্যমে এ বিষয়ে নিজেদের ধারণা স্পষ্ট করো । এই ব্যাপারে শিক্ষকও তোমাদের সাহায্য করতে পারবেন ।

**করতে পারো ঃ**

দাঁড় ও পাল সহ নৌকার ছবি আঁকতে পারো । কার্ডবোর্ড দিয়ে নৌকা বানাতে চেষ্টা করো । কবিতাটি আবৃত্তি করো ।